# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 29 April, 2025

নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সঙ্গে কোনো ধরনের সম্পর্ক নেই বলে দাবি করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র উমামা ফাতেমা।

গতকাল সোমবার দিবাগত রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্ট থেকে দেওয়া একটি পোস্টে তিনি এ কথা জানান।

ফেসবুক পোস্টে উমামা লিখেন, সবার উদ্দেশ্যে একটা ছোট ঘোষণা, আমি নতুন রাজনৈতিক দল এনসিপির সাথে সম্পৃক্ত নই।আমার অনেক পরিচিত ব্যক্তিবর্গ এই দলটির সাথে আছে। ব্যক্তিগতভাবে এনসিপির সাথে আমার কোনো ধরনের সম্পর্ক নেই।তাই এনসিপি সংক্রান্ত পরামর্শ, সাংগঠনিক আলাপ বা প্রস্তাবনা আমার কাছে উপস্থাপন না করার অনুরোধ রইল। এতে আপনার, আমার দুইজনেরই সময় বাঁচবে।

এনসিপি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন রাজনৈতিক দল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:24

URL: https://www.timestodaybd.com/national/1590775807